# প্রসপেক্টাস




**“ BE HONEST**
**BE SUCCESSFUL ”**

# তেজগাঁও কলেজ, ঢাকা

১৬ ইন্দিরা রোড, ফার্মগেট , ঢাকা।



# বাণী

জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে তেজগাঁও কলেজের সকল শিক্ষার্থী ও তেজগাঁও কলেজ পরিবারকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। তেজগাঁও কলেজ অবকাঠামোগত উন্নয়নে, শিক্ষার মানোন্নয়নে ও তথ্য-প্রযুক্তির ব্যবহারে অনন্য। আমার বিশ্বাস সময়ের প্রয়োজনে এবং যুগের চাহিদা অনুযায়ী বর্তমান শিক্ষাব্যবস্থায় যে যুগান্তকারী পরিবর্তন এসেছে, তা বাস্তবায়নে প্রযুক্তি সমৃদ্ধ আধুনিক শিক্ষা প্রতিষ্ঠান তেজগাঁও কলেজ  অগ্রণী ভূমিকা পালন করবে।

তেজগাঁও কলেজ বাংলাদেশের একটি ঐতিহ্যবাহী স্বনামধন্য ও প্রাচীন শিক্ষা প্রতিষ্ঠান। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত এ কলেজ উচ্চশিক্ষার বিস্তার, জ্ঞানচর্চার প্রসার এবং তরুণ প্রজন্মকে নৈতিকতা ও মানবিক মূল্যবোধে আলোকিত করার ক্ষেত্রে এক উজ্জ্বল দৃষ্টান্ত। দীর্ঘদিন ধরে এ প্রতিষ্ঠান শিক্ষার আলো ছড়িয়ে যাচ্ছে এবং শিক্ষার্থীদের আলোকিত মানুষ হিসেবে গড়ে তুলতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বৈষম্যহীন সমাজ গঠনে শিক্ষার্থীদের পাশে থেকে এ কলেজ অগ্রণী ভূমিকা পালন করে আসছে।

আজকের বিশ্ব প্রতিনিয়ত পরিবর্তনশীল ও প্রতিযোগিতামূলক। এ প্রেক্ষাপটে একটি দক্ষ, সৃজনশীল ও দায়িত্বশীল প্রজন্ম তৈরি করা সময়ের দাবি। তেজগাঁও কলেজ সেই চাহিদা পূরণে পাঠদান, গবেষণা, সহপাঠ্যক্রমিক কার্যক্রম ও প্রযুক্তি নির্ভর শিক্ষার মাধ্যমে শিক্ষার্থীদের সামগ্রিক বিকাশ নিশ্চিত করছে। এ প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মকর্তাদের নিষ্ঠা এবং শিক্ষার্থীদের অধ্যবসায় কলেজটিকে এক অনন্য উচ্চতায় পৌঁছে দিয়েছে।

জাতীয় বিশ্ববিদ্যালয় বিশ্বাস করে, জ্ঞানভিত্তিক সমাজ প্রতিষ্ঠার মাধ্যমে উন্নত বাংলাদেশ গড়ে তোলা সম্ভব। আমি প্রত্যাশা করি, তেজগাঁও কলেজ আগামী দিনে আরও নতুন নতুন সাফল্যের মাধ্যমে দেশের উচ্চশিক্ষা ব্যবস্থাকে সমৃদ্ধ করবে এবং জাতি গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

প্রফেসর ড. এ এস এম আমানুল্লাহ্
উপাচার্য,
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।



# বাণী

স্বনামধন্য তেজগাঁও কলেজে তোমাদেরকে স্বাগত জানাতে পেরে আমি অত্যন্ত আনন্দিত। এই বিদ্যাপীঠ দীর্ঘ পাঁচ যুগেরও বেশি সময় ধরে জ্ঞান অর্জন, চরিত্র গঠন ও শিক্ষাগত উৎকর্ষ সাধনের ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করে আসছে। নিষ্ঠা ও দক্ষতার সাথে অসংখ্য শিক্ষার্থীর ভবিষ্যৎ গঠনে নিবেদিত এমন একটি প্রতিষ্ঠানের গভর্নিং বডির সভাপতি হিসেবে আমি আনন্দিত।

তেজগাঁও কলেজ বিশ্বাস করে শিক্ষা শুধু শ্রেণিকক্ষ ও পাঠ্যপুস্তকের মধ্যে সীমাবদ্ধ নয়। আমাদের সু-প্রশিক্ষিত শিক্ষকবৃন্দ, আধুনিক সুযোগ-সুবিধা এবং বৈচিত্র্যময় শিক্ষাক্রম শিক্ষার্থীদের মেধা বিকাশ, সৃজনশীলতা ও বিশ্লেষণধর্মী চিন্তাশক্তি জাগ্রত করতে সহায়তা করে। আমরা শুধু পুঁথিগত শিক্ষায় সাফল্য নয় বরং ব্যক্তিত্ব, নেতৃত্বগুণ এবং নৈতিক মূল্যবোধ বিকাশের প্রতিও গুরুত্ব আরোপ করি, যা একজন শিক্ষার্থীকে আধুনিক, উদ্ভাবনী ও বৈশ্বিক যুগে সফল হতে সহায়তা করবে।

আমি তোমাদেরকে এই শিক্ষানুরাগী ও সৃজনশীল চিন্তাবিদদের পরিবারে যুক্ত হওয়ার জন্য ধন্যবাদ জানাই। আমার বিশ্বাস, তেজগাঁও কলেজ তোমাদের শিক্ষাজীবন ও আত্ম-উন্নয়নের পথকে আলোকিত করবে।

অধ্যাপক ড. মোঃ মোখলেস উর রহমান
সভাপতি,
পরিচালনা পর্ষদ, তেজগাঁও কলেজ, ঢাকা।



# বাণী

প্রিয় শিক্ষার্থীবৃন্দ,

তেজগাঁও কলেজের বিশাল পরিবারে তোমাদের স্বাগত জানাই। সময়ের সঙ্গে তাল মিলিয়ে তেজগাঁও কলেজ আজ উচ্চশিক্ষার এক নতুন দিগন্তে যাত্রা শুরু করেছে।

আজ তোমরা এই প্রতিষ্ঠানে নতুনভাবে যাত্রা শুরু করেছ। তোমাদের হাত ধরেই গড়ে উঠবে আগামী দিনের সমৃদ্ধ বাংলাদেশ। দেশপ্রেম, নৈতিকতা, সামাজিক ও সাংস্কৃতিক মূল্যবোধে অনুপ্রাণিত হয়ে তোমরা নিজেদের জীবনকে গঠন করবে, এই প্রত্যাশা করি।

তোমরা জেনে খুশি হবে যে, তেজগাঁও কলেজের রয়েছে গৌরবময় ইতিহাস। স্বাধীনতা সংগ্রাম, জুলাই বিপ্লবসহ জাতীয় জীবনের বিভিন্ন গুরুত্বপূর্ণ অধ্যায়ে এ কলেজ অসামান্য অবদান রেখেছে। শিক্ষাক্ষেত্রে অবিচল অগ্রযাত্রা অব্যাহত রেখে তেজগাঁও কলেজ আজ দেশের অন্যতম শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে।

তোমাদের জন্য এ কলেজে রয়েছে আধুনিক শিক্ষার সকল সুযোগ-সুবিধা। অভিজ্ঞ ও মননশীল শিক্ষকমণ্ডলী, সমৃদ্ধ পাঠাগার, গবেষণাগার, বিএনসিসি, রোভার স্কাউট, ইংরেজি ভাষা শিক্ষা ক্লাব, ডিবেটিং ক্লাব ও সাংস্কৃতিক ক্লাবসহ সব মিলিয়ে এটি একটি প্রাণবন্ত শিক্ষাঙ্গন।

তোমরা শিক্ষালাভের পাশাপাশি আদর্শ, দেশপ্রেম, নেতৃত্বগুণ ও সৃজনশীলতা দিয়ে নিজেদের গড়ে তুলবে। মনে রেখো, শিক্ষা কেবল ডিগ্রি অর্জনের মাধ্যম নয় বরং এটি আত্মিক জাগরণ ও মানবিক উৎকর্ষের পথ। শিক্ষা শুধু বইয়ের মধ্যে সীমাবদ্ধ নয়, তা বাস্তব জীবনের প্রতিফলন। তোমরা কর্মমুখী, সময়োপযোগী শিক্ষা অর্জনের মাধ্যমে নিজেদের যোগ্য করে তুলবে এই প্রত্যাশা।

তোমাদের অর্জিত জ্ঞান, দক্ষতা ও মানবিক মূল্যবোধের সমন্বয়েই গড়ে উঠবে তোমাদের কাঙ্ক্ষিত ভবিষ্যৎ। আমি তোমাদের সুন্দর ভবিষ্যৎ ও সর্বাঙ্গীণ সাফল্য কামনা করছি।

অধ্যাপক শামীমা ইয়াসমিন
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত),
তেজগাঁও কলেজ, ঢাকা।



# বাণী

প্রিয় শিক্ষার্থীবৃন্দ,

তেজগাঁও কলেজ পরিবারে যুক্ত হওয়ার জন্য সকল নবীন শিক্ষার্থীদের জানাই প্রাণঢালা শুভেচ্ছা। ১৯৬১ সালে প্রতিষ্ঠিত এ কলেজটি রাজধানী ঢাকার অন্যতম বৃহৎ ও খ্যাতনামা শিক্ষাপ্রতিষ্ঠান হিসেবে মানসম্মত শিক্ষা, চরিত্র গঠন ও আধুনিক জ্ঞানচর্চার আঁতুর ঘরে পরিণত হয়েছে।

তেজগাঁও কলেজ প্রতিষ্ঠালগ্ন থেকেই শিক্ষার প্রসারে গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। এ প্রতিষ্ঠানের শিক্ষকমণ্ডলী ও পরিচালনা পর্ষদ সর্বদা শিক্ষার্থীদের মানসম্মত শিক্ষার পাশাপাশি প্রতিটি শিক্ষার্থীকে একজন মানবিক, নিষ্ঠাবান ও দায়িত্বশীল নাগরিক হিসেবে গড়ে তুলতে অঙ্গীকারবদ্ধ।

পরিবর্তনশীল বিশ্বে প্রযুক্তি, অর্থনীতি, জলবায়ু, কর্মক্ষেত্র সবকিছুতেই রূপান্তর ঘটছে। বৈশ্বিক এই পরিবর্তনের সাথে অভিযোজন সক্ষমতা তৈরীর জন্য শিক্ষার্থীর শারিরীক ও মানসিক বিকাশ একান্ত প্রয়োজন। এ লক্ষ্যে অত্র কলেজে সহপাঠ্যক্রম হিসেবে বিতর্ক, নাটক, খেলাধুলা, স্কাউটিং, বিএনসিসি, ইংরেজি শিক্ষা কোর্স চলমান রয়েছে। অতিসত্ত্বর সংক্ষিপ্ত কোর্সসমূহ যেমনঃ গ্রাফিক্স ডিজাইন, সাইবার সিকিউরিটি, আরবী/চাইনিজ ভাষা শিক্ষা, ডিজিটাল মার্কেটিং, ফ্রিল্যান্সিং, ডিজিটাল মার্কেটিং ইত্যাদি চালুর বিষয় বিবেচনাধীন।

প্রত্যাশা করি, আপনারা কেবল ভালো শিক্ষার্থী নয়, বরং সৎ, দক্ষ, দায়িত্বশীল ও দেশপ্রেমিক নাগরিক হিসেবে নিজেকে গড়ে তুলবেন। আপনাদের আগামীর পথ হোক আলোকিত, আর শিক্ষাজীবন হোক আনন্দ, অধ্যবসায় ও সফলতায় পরিপূর্ণ।



অধ্যাপক ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর
উন্নয়ন অধ্যয়ন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় ও
বিদ্যোৎসাহী সদস্য, পরিচালনা পর্ষদ, তেজগাঁও কলেজ, ঢাকা।



# বাণী

দেশের শিক্ষা ব্যবস্থায় বিরাজমান অসুস্থতার সুস্থতা কামনা করে তেজগাঁও কলেজে নবীন শিক্ষার্থীদের স্বাগত জানাই। তেজগাঁও কলেজ নন্দিত ও গৌরবময় শিক্ষা ইতিহাসের এক স্বর্ণোজ্জ্বল সোপান। শিক্ষাবিস্তার ও জ্ঞান-বিজ্ঞান চর্চার প্রারম্ভলগ্ন থেকেই এই প্রতিষ্ঠান তার সুনাম ও প্রতিশ্রুতি অক্ষুন্ন রেখে চলেছে। সেক্ষেত্রে দেশের জন্যে অপরিহার্য দক্ষ ও যোগ্যতাসম্পন্ন সুনাগরিক তৈরী তেজগাঁও কলেজের অঙ্গীকার। সুশিক্ষা ও লক্ষ্য অর্জনের নিরলস প্রচেষ্টা তোমাদের সফলতার শীর্ষে পৌঁছে দিবে। মানবিক মূল্যবোধ ধারণ করে দেশ ও জাতি গঠনে নিজেদের আত্মনিয়োগ করবে। এ প্রতিষ্ঠান থেকে উচ্চশিক্ষা গ্রহণ করে নিজেকে গড়ে তোলার পাশাপাশি সমাজ গঠনে দায়িত্ব পালন করবে।

সুশিক্ষা ও নৈতিক জ্ঞান অর্জনের মাধ্যমেই জাতির ভাগ্যের ইতিবাচক পরিবর্তন সম্ভব। তোমরা সুশিক্ষায় শিক্ষিত হয়ে কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনে এগিয়ে যাবে। সেজন্য পাঠ্যসূচী অধ্যয়নের পাশাপাশি সহশিক্ষা গ্রহণ একান্ত জরুরী, যে শিক্ষা শিক্ষার্থীদের সুপ্ত প্রতিভা বিকাশে, শারীরিক ও মানসিক সুস্থতায় এবং সামাজিক দক্ষতা বৃদ্ধিতে সাহায্য করে। দেশ-কাল, সমাজ, মানুষের শ্রেষ্ঠত্বের পরিপূর্ণ মহিমা ও সামগ্রিক অর্থে দেশপ্রেম সম্পর্কে সচেতন জনগোষ্ঠী তৈরি করতে হলে তরুণ শিক্ষার্থীদের কল্পনা ও সৃজনশক্তি, মানবিক অনুভূতি ও বিশ্লেষণ ক্ষমতা বিকাশের ক্ষেত্র তৈরি করা একান্ত অপরিহার্য।

তরুণ শিক্ষার্থীদের মুক্ত চিন্তা-ভাবনা পর্যবেক্ষণ ও সৃজনশীল চেতনা বিকশিত করতে প্রতিষ্ঠানের প্রজ্ঞাবান, মেধাবী ও মননশীল শিক্ষকবৃন্দের বহুমাত্রিক জ্ঞান বিস্তার একে সমৃদ্ধ করবে সন্দেহ নেই। তোমরা জাতীয় আশা-আকাঙক্ষা পূরণের পাশাপাশি তেজগাঁও কলেজের সম্মান ও ঐতিহ্য সমুন্নত রাখতে তোমাদের সাফল্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। তোমাদের হাতে গড়ে উঠুক দুর্নীতি ও বৈষম্যমুক্ত সামাজিক কাঠামোর সুস্থ শিক্ষা ব্যবস্থা।

ড. মোহাম্মদ জহিরুল হুদা (জালাল)
বিদ্যোৎসাহী সদস্য,
পরিচালনা পর্ষদ, তেজগাঁও কলেজ।



# বাণী

ঐতিহ্যবাহী তেজগাঁও কলেজ বাংলাদেশের একটি গৌরবদীপ্ত ও আলোকোজ্জ্বল শিক্ষা প্রতিষ্ঠান। তেজগাঁও কলেজের পরিচালনা পর্ষদের হিতৈষী সদস্য হয়ে তোমাদের পথচলার পাশে থাকতে পেরে আমি নিজেকে ধন্য মনে করছি। নিশ্চয়ই তোমরা জ্ঞান আহরণের জন্য বাংলাদেশের সর্বোচ্চ বিদ্যাপিঠে ভর্তি হয়েছ। তোমাদের প্রজ্ঞা, জ্ঞান, শুদ্ধ চিন্তা, সহনশীলতা, সৃজনশীলতা, নেতৃত্ব, শৃঙ্খলা ও দক্ষতার ভিত্তিতে মানবিক মূল্যবোধসম্পন্ন চেতনায় গুনান্বিত হয়ে সুযোগ্য নাগরিক হিসেবে নিজেদেরকে গড়ে তুলবে। নৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক মূল্যবোধ চর্চার মধ্য দিয়ে প্রত্যেক শিক্ষার্থীর আত্মবিকাশ ঘটবে।

আমি দৃঢ় প্রত্যয়ে আশা করি, এ কলেজের শিক্ষার্থীরা নিখাদ দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে বহুমুখী কর্মকান্ডে অংশগ্রহণ করে নিজেদের প্রতিভা বিকশিত করবে। তোমাদের আধুনিক প্রযুক্তিভিত্তিক জ্ঞানার্জন, সৃজনশীল ও বুদ্ধিবৃত্তি বিকাশের জন্য পাঠ্যবর্হিভূত শিক্ষালাভের যথেষ্ট সুযোগ এ কলেজে রয়েছে।

সত্য, ন্যায় ও সুন্দরের চর্চা করে শোষণমুক্ত, বৈষম্যহীন, অসাম্প্রদায়িক, গণতান্ত্রিক ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ার অঙ্গীকার হোক তোমাদের পাথেয়।

মোঃ ফখরুল ইসলাম ভূঁইয়া
হিতৈষী সদস্য, পরিচালনা পর্ষদ,
তেজগাঁও কলেজ, ঢাকা।



# বাণী

সবাইকে প্রাণঢালা শুভেচ্ছা ও অভিনন্দন। তেজগাঁও কলেজে আজ তোমাদের যাত্রা শুরু হলো। আশা করি তোমাদের মেধা ও প্রজ্ঞায় তেজগাঁও কলেজ হবে গর্বিত। এই শিক্ষালয়ে তোমাদের শিক্ষালাভের সব ধরনের সুযোগ ও শিক্ষার পরিবেশ প্রদান করা হবে।

অতীতের ব্যর্থতা, গ্লানি ও হতাশাকে জীবন থেকে মুছে ফেলে নতুনভাবে জীবনকে গড়ে তোলার জন্য এবং সফলতার শীর্ষে আরোহনের জন্য তোমাদেরকে হতে হবে আরও পরিশ্রমী। রাষ্ট্র ও সমাজে সাম্য, মানবিক মর্যাদা ও ন্যায়বিচার প্রতিষ্ঠায় সকলকে একযোগে কাজ করে যেতে হবে। আমরা এমন একটি জাতি নির্মাণের প্রত্যাশা করছি, যেখানে প্রত্যেক নাগরিকই স্বাধীন এবং মৌলিক চিন্তা ও চেতনার ধারক। এক্ষেত্রে শিক্ষার্থীদের ভূমিকা অনস্বীকার্য।

ছাত্রসমাজ ২৪ এর জুলাই আন্দোলনে আত্মত্যাগের মহানমন্ত্রে উজ্জীবিত হয়ে দেশকে নতুনভাবে স্বাধীন করেছে। গত বছরের তিক্ত অভিজ্ঞতা, ছাত্র-জনতার আত্মদান এবং অধিকার হারানোর যন্ত্রণা এ বছর আমাদের একদিকে যেমন বেদনার্ত করেছে, আবার অন্যদিকে নতুন উদ্যমে শান্তি-সম্প্রীতি ও বহুদলীয় গণতন্ত্রের অধিকার ফিরে পাওয়ার সম্ভাবনায় উদ্বুদ্ধ করবে।

শিক্ষার মূল উদ্দেশ্যই নিজের অন্তরে নৈতিকতাবোধ জাগিয়ে তোলা, দেশপ্রেমে উদ্বুদ্ধ হওয়া ও মানবিক মূল্যবোধ জাগিয়ে তোলা এবং ভবিষ্যতের চ্যালেঞ্জ মোকাবেলায় প্রস্তুত করা। তোমাদের অর্জিত জ্ঞান ও আদর্শের বাস্তবায়ন করে সমাজ ও দেশকে গড়ে তুলবে। তোমরা নতুন প্রজন্মের ধারক। তোমাদের জ্ঞান, মেধা ও আত্মত্যাগ সমাজে ও দেশে যেমন বিচিত্রমুখী সফলতা এনে দিবে, তেমনি তেজগাঁও কলেজকে পৌঁছে দিবে অনন্য উচ্চতায়।

মোঃ আনোয়ারুজ্জামান আনোয়ার
দাতা সদস্য,
পরিচালনা পর্ষদ, তেজগাঁও কলেজ।

# কলেজ পরিচালনা পর্ষদ



অধ্যাপক ড. মোঃ মোখলেস উর রহমান
সভাপতি
পরিচালনা পর্ষদ
তেজগাঁও কলেজ, ঢাকা।



অধ্যাপক ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর
উন্নয়ন অধ্যয়ন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় ও
বিদ্যোৎসাহী সদস্য, পরিচালনা পর্ষদ, তেজগাঁও কলেজ, ঢাকা।



অধ্যাপক শামীমা ইয়াসমিন
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) ও সদস্য সচিব
তেজগাঁও কলেজ, ঢাকা।



ড. মোহাম্মদ জহিরুল হুদা (জালাল)
বিদ্যোৎসাহী সদস্য, পরিচালনা পর্ষদ,
তেজগাঁও কলেজ, ঢাকা।



মোঃ ফখরুল ইসলাম ভূঁইয়া
হিতৈষী সদস্য, পরিচালনা পর্ষদ,
তেজগাঁও কলেজ, ঢাকা।



মোঃ আনোয়ারুজ্জামান আনোয়ার
দাতা সদস্য, পরিচালনা পর্ষদ,
তেজগাঁও কলেজ, ঢাকা।



আবু জাফর মোঃ কামাল উদ্দিন
সহযোগী অধ্যাপক, ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ
শিক্ষক প্রতিনিধি, পরিচালনা পর্ষদ,
তেজগাঁও কলেজ, ঢাকা।



মোহাম্মদ রফিকুল আলম
সহযোগী অধ্যাপক, ইতিহাস বিভাগ
শিক্ষক প্রতিনিধি, পরিচালনা পর্ষদ,
তেজগাঁও কলেজ, ঢাকা।



সিলভিয়া খায়ের
সহযোগী অধ্যাপক, রসায়ন বিভাগ
শিক্ষক প্রতিনিধি, পরিচালনা পর্ষদ,
তেজগাঁও কলেজ, ঢাকা।

## কলেজ সম্পর্কে দু'টি কথা

তেজগাঁও কলেজ বাংলাদেশের সর্ববৃহৎ বেসরকারি কলেজ। এটি রাজধানী ঢাকার কেন্দ্রস্থলে অবস্থিত এবং সকল আধুনিক সুবিধায় সজ্জিত। দীর্ঘ পাঁচ যুগের বেশি সময় ধরে এই কলেজটি জাতীয় বিশ্ববিদ্যালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের অধিভুক্ত হয়ে দেশের শিক্ষা উন্নয়নে সফলভাবে অবদান রেখে চলছে। কলেজটিতে উচ্চ মাধ্যমিক, ডিগ্রী (পাস), অনার্স, প্রফেশনাল অনার্স ও মাস্টার্স প্রোগ্রামে প্রায় ১৫,০০০-এর অধিক শিক্ষার্থী বিভিন্ন বিষয়ে অধ্যয়ন করছে। বর্তমানে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব অধ্যাপক ড. মোঃ মোখলেস উর রহমান তেজগাঁও কলেজ পরিচালনা পর্ষদের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন। কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ অধ্যাপক শামীমা ইয়াসমিন বিভিন্ন একাডেমিক ও সহশিক্ষা কার্যক্রম গ্রহণের মাধ্যমে মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে দৃঢ়ভাবে প্রতিশ্রুতিবদ্ধ।





একাডেমিক ভবন



## ভিশনঃ

শিক্ষার উৎকর্ষ সাধন, উদ্ভাবন ও বৈষম্যহীন শিক্ষার মাধ্যমে এমন এক পরিবেশ সৃষ্টি করা, যেখানে শিক্ষার্থীরা নিজেদের আবেগ ও স্বপ্নকে অনুসরণ করে পরিবর্তিত বিশ্বের নেতৃত্ব প্রদানে নিজেদেরকে সক্ষম করে গড়ে তুলবে।

## মিশনঃ


এমন একটি শিক্ষার পরিবেশ তৈরি করা, যেখানে শিক্ষার্থীরা শুধু দক্ষ নাগরিকই নয়, বরং আদর্শবান ও প্রেরণাদায়ী নেতা হিসেবে গড়ে উঠবে। তারা সমাজে ইতিবাচক পরিবর্তন আনবে এবং আধুনিক বাংলাদেশ গড়ার কাজে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

# তেজগাঁও কলেজকেই কেন বেছে নেবেন?


তেজগাঁও কলেজ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত একটি শীর্ষস্থানীয় বেসরকারি কলেজ, যা দেশজুড়ে শিক্ষার্থীদের প্রথম পছন্দে পরিণত হয়েছে এবং এর পেছনে যৌক্তিক কারণ রয়েছে। প্রথমত, তেজগাঁও কলেজের রয়েছে প্রায় পাঁচ যুগের শিক্ষাগত উৎকর্ষতার সুনাম, যা একে উচ্চশিক্ষার জন্য একটি নির্ভরযোগ্য প্রতিষ্ঠানে পরিণত করেছে। দ্বিতীয়ত, রাজধানী ঢাকার কেন্দ্রস্থল ফার্মগেট মেট্রো স্টেশন ও এলিভেটেড এক্সপ্রেসওয়ের সন্নিকটে কলেজটির অবস্থান, যা শিক্ষার্থীদের যাতায়াতের জন্য অত্যন্ত সুবিধাজনক। তৃতীয়ত, কলেজটি আধুনিক সুবিধা, দক্ষ শিক্ষকবৃন্দ এবং কার্যকর প্রশাসনের সমন্বয়ে একটি মানসম্পন্ন ও গতিশীল শিক্ষার পরিবেশ গড়ে তুলতে সক্ষম হয়েছে। শিক্ষার্থীদের একাডেমিক ও সহ-শিক্ষা কার্যক্রমে অংশগ্রহণে উৎসাহিত করা হয়। কলেজে রয়েছে বিএনসিসি, রোভার স্কাউট, বিতর্ক ক্লাব, ইংরেজি ভাষা শিক্ষা ক্লাব ও সাংস্কৃতিক ক্লাব যা শিক্ষার্থীদের আত্মবিশ্বাস, সৃজনশীলতা ও নেতৃত্বের গুণাবলি বিকাশে সহায়তা করে। সার্বিকভাবে, তেজগাঁও কলেজ বর্তমানে দক্ষ, দায়িত্বশীল ও দূরদর্শী ভবিষ্যৎ প্রজন্ম গড়ে তোলার লক্ষ্যে আত্ম নিবেদীত।




স্মার্ট লাইব্রেরি



স্মার্ট ক্লাস রুম



আইসিটি ল্যাব



সেমিনার

# কলেজের গবেষণাগার সমূহ



মনোবিজ্ঞান গবেষণাগার



রসায়ন গবেষণাগার



পদার্থবিজ্ঞান গবেষণাগার



প্রাণিবিজ্ঞান গবেষণাগার



GIS গবেষণাগার



টি এইচ এম গবেষণাগার



প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান গবেষণাগার

# অনার্স প্রোগ্রাম

## কলা অনুষদ

- বাংলা
- ইংরেজি
- ইতিহাস
- ইসলামের ইতিহাস ও সংস্কৃতি
- দর্শন
- ইসলামিক স্টাডিজ

## ব্যবসায় শিক্ষা অনুষদ

- হিসাববিজ্ঞান
- ব্যবস্থাপনা
- মার্কেটিং
- ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং

## বিজ্ঞান অনুষদ

- পদার্থবিজ্ঞান
- প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান
- রসায়ন
- গণিত
- উদ্ভিদবিজ্ঞান
- প্রাণিবিদ্যা
- পরিসংখ্যান
- ভূগোল ও পরিবেশ
- মনোবিজ্ঞান
- গার্হস্থ্য অর্থনীতি

## সামাজিক বিজ্ঞান অনুষদ

- অর্থনীতি
- রাষ্ট্রবিজ্ঞান
- সমাজবিজ্ঞান
- সমাজকর্ম

# মাস্টার্স প্রোগ্রাম

## কলা অনুষদ

- বাংলা
- ইংরেজি
- ইসলামের ইতিহাস ও সংস্কৃতি

## ব্যবসায় শিক্ষা অনুষদ

- হিসাববিজ্ঞান
- ব্যবস্থাপনা
- মার্কেটিং
- ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং

## বিজ্ঞান অনুষদ

- পদার্থবিজ্ঞান
- রসায়ন
- গণিত
- প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান
- উদ্ভিদবিজ্ঞান
- ভূগোল ও পরিবেশ
- মনোবিজ্ঞান

## সামাজিক বিজ্ঞান অনুষদ

- অর্থনীতি
- রাষ্ট্রবিজ্ঞান
- সমাজবিজ্ঞান
- সমাজকর্ম



মাননীয় প্রধান উপদেষ্টার নিকট থেকে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত জুলাই স্কলারশিপ-২০২৫ গ্রহণ করছেন তেজগাঁও কলেজের প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থী **এস এম আবু তালহা।**

# প্রফেশনাল প্রোগ্রাম

## অনার্স প্রোগ্রাম

- কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই)
- ব্যাচেলর অব বিজনেস এডমিনিস্ট্রেশন (বিবিএ)
- ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট (টিএইচএম)
- থিয়েটার অ্যান্ড মিডিয়া স্টাডিজ (টিএমএস)

## মাস্টার্স প্রোগ্রাম

- মাস্টার্স অব বিজনেস এডমিনিস্ট্রেশন (এমবিএ)
- ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট (টিএইচএম)
- কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (এমসিএসই)

# অন্যান্য প্রোগ্রাম

- এইচএসসি
- ডিগ্রী (পাস)
- কারিগরি শিক্ষা বোর্ডের অধীন এইচএসসি সমমান (বিএমটি)
- উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (এইচএসসি এবং ডিগ্রী)
- প্রকৌশল অঙ্কন
- থিয়েটার

# অ্যালবাম



জাতীয় গ্রন্থকেন্দ্র, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত জুলাই-আগস্ট গণঅভ্যুত্থান স্মরণে " আমার দেখা জুলাই-আগস্ট গণঅভ্যুত্থান " রচনা/নিবন্ধন লিখন কর্মসূচিতে তেজগাঁও কলেজের ৪ জন শিক্ষার্থী বিজয়ী হয়।



জাতীয় বিশ্ববিদ্যালয় আন্তঃ কলেজ সংস্কৃতি ও বিতর্ক প্রতিযোগিতার ২০২৫-এর জাতীয় পর্যায়ে আবৃত্তিতে ২য় স্থান অধিকার করেছে তেজগাঁও কলেজের ডিগ্রি (পাস) ৩য় বর্ষের ছাত্রী তাসনোভা সানজিদা।



অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এর দায়িত্ব গ্রহণের এক বছর পূর্তি উপলক্ষে ভিসি মহোদয়ের সাথে শুভেচ্ছা বিনিময়



জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন সকল সিএসই ভুক্ত কলেজের প্রোগ্রামিং কন্টেস্টের পুরস্কার বিতরণী অনুষ্ঠান।



গার্হস্থ্য অর্থনীতি বিভাগের চতুর্থ বর্ষের ব্যবহারিক পরীক্ষা শেষে অধ্যক্ষ ভারপ্রাপ্ত ম্যামের সাথে শিক্ষার্থীরা




বিশ্ব পরিবেশ দিবস ও জাতীয় বৃক্ষরোপণ অভিযান উপলক্ষে বৃক্ষরোপণ কর্মসূচি



মাননীয় ভিসি মহাদয়ের তেজগাঁও কলেজ কেন্দ্রীয় লাইব্রেরীর পরিদর্শন মুহূর্ত।



প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান বিভাগ, শিক্ষা সফর।

# অ্যালবাম



জাতীয় বিশ্ববিদ্যালয় অধীন আন্তঃ কলেজ প্রোগ্রামিং প্রতিযোগিতা পরিদর্শনের সময় কফির টেবিলে মাননীয় উপাচার্য ও উপ-উপাচার্য।



জাতীয় গ্রন্থ কেন্দ্র ও তেজগাঁও কলেজের যৌথ উদ্যোগে শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক গ্রন্থপাঠ কার্যক্রম উদ্বোধন অনুষ্ঠানে জাতীয় গ্রন্থগার পরিচালক আফসানা বেগম।



ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের ইফতার পার্টিতে বাংলাদেশ পর্যটন কর্পোরেশন এর চেয়ারম্যান সাইমা শাইন সুলতানা।



২০২৫ সালে তেজগাঁও কলেজে এইচএসসি পরীক্ষার কেন্দ্র পরিদর্শনে আসেন অন্তবর্তী সরকারের শিক্ষা উপদেষ্টা জনাব অধ্যাপক সি আর আবরার। তিনি অধ্যক্ষ প্রফেসর শামীমা ইয়াসমিন ম্যাডামের সাথে কলেজের বিভিন্ন ভবন পরিদর্শন করে কলেজ সম্পর্ক অনুভূতি ব্যক্ত করেন।



ডিবেট ফর ডেমোক্রেসি আয়োজিত পাবলিক পার্লামেন্ট বিতর্ক প্রতিযোগিতা ২০২৫-এ ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এম সাখাওয়াত হোসেনের (উপদেষ্টা শ্রম ও কর্ম সংস্থান এবং নৌ পরিবহন মন্ত্রণালয়) উপস্থিতিতে তেজগাঁও কলেজ গৌরবময় চ্যাম্পিয়ন হয়েছে।

# অ্যালবাম



তেজগাঁও কলেজ বিএনসিসি



জাতীয় বিশ্ববিদ্যালয় আয়োজিত
অনলাইন নবীন বরণ অনুষ্ঠান-২০২৫।



তেজগাঁও কলেজ রোভার স্কাউট



আইসিপিসি এশিয়া ঢাকা
আঞ্চলিক প্রতিযোগিতা




মাননীয় সভাপতি মহোদয়ের
সাথে মতবিনিময় সভা



ডিবেটিং ক্লাবের নবীন বরণ।



তেজগাঁও কলেজ ফুটবল দল
ঢাকা জেলা চ্যাম্পিয়ন-২০২৪।



আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে শহীদ মিনারে
কলেজ পরিবারের শ্রদ্ধাঞ্জলি।

# পরিষেবা এবং সুযোগ-সুবিধা

## অবকাঠামো

- ১ সাতটি একাডেমিক ভবন
- ২ ক্যাম্পাসে মসজিদ
- ৩ মেয়েদের নামাজের স্থান
- ৪ কেন্দ্রীয় সেমিনার ও লাইব্রেরি
- ৫ দুটি স্মার্ট অডিটোরিয়াম
- ৬ এসি ক্লাস রুম
- ৭ খেলার মাঠ
- ৮ ২৩টি বিশেষায়িত গবেষণাগার
- ৯ স্কাই ক্যাফে

## একাডেমিক

- ১ ২৫০+ শিক্ষক
- ২ ২৮টি বিষয়ে অনার্স প্রোগ্রাম
- ৩ ১৯টি বিষয়ে মাস্টার্স প্রোগ্রাম
- ৪ এইচএসসি প্রোগ্রাম
- ৫ বিএমটি প্রোগ্রাম
- ৬ ডিগ্রী (পাস) প্রোগ্রাম
- ৭ ডিগ্রী ও মাস্টার্স প্রাইভেট প্রোগ্রাম

## এক্সট্রা কারিকুলার

- বিএনসিসি
- রোভার স্কাউট
- স্পোর্টস ক্লাব
- প্রোগ্রামিং ক্লাব
- ২৮+ বিভাগীয় ক্লাব
- বিতর্ক ক্লাব
- TCCELL
- বিজ্ঞান ক্লাব
- ফ্রি আইসিটি প্রশিক্ষণ
- ইন্টার্নশিপের সুযোগ

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন তেজগাঁও কলেজে ডিগ্রী/ অনার্স/ প্রিলি/ মাস্টার্স/প্রফেশনাল(অনার্স)/মাস্টার্স (নিয়মিত) কোর্সে আবেদন প্রক্রিয়াঃ

শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) প্রবেশ করে ভর্তি আবেদন ফরম পূরণ করতে হবে।

অতঃপর তেজগাঁও কলেজ ওয়েবসাইটে (www.tejgaoncollege.edu.bd) প্রবেশ করে অনলাইন মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে নির্ধারিত আবেদন ফি প্রদান করে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। প্রক্রিয়া নিম্নে দেখানো হলোঃ

1. Go To ->www. tejgaoncollege.edu.bd
2. Click on Online Payment
3. Click on Admission/ Application
4. Click On Deg/Hons/Preli/Master Admission Application
5. Insert NU Admission Roll or applicant ID and Click Search
6. Insert required information and click Create
7. Again Insert NU Admission Roll or applicant ID and Click Search
8. Click on Make Payment.
9. Enter your Rocket/Nagad Account Number
10. Confirm PIN
11. Wait for Successful Transaction SMS and Then Complete . Now You may download payment slip by clicking on PRINT

বিঃ দ্রঃ ১. সফলভাবে টাকা জমাদানের পর আবেদনের শেষ তারিখের মধ্যে Your Application is received by Tejgaon College. NU Authority. এই SMS যদি না যায়, অথবা রোল নং ও পিন নম্বর দিয়ে NU Server- এ লগইন করার পর Received লেখা দেখা না যায় তবে অবশ্যই কলেজের হেল্প লাইনে যোগাযোগ করার জন্য বলা হলো।

২. কলেজে এসে কোন কাগজপত্র জমা দিতে হবে না।

# তেজগাঁও কলেজে অনলাইন ভর্তি প্রক্রিয়াঃ

শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশনে Honours/Master's/Degree/Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে। (সর্তকতাঃ জাঃ বিঃ-র ওয়েবসাইট থেকে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে প্রিন্ট কপি সংগ্রহ না করলে ভর্তি নিশ্চিত হবে না।)

অতঃপর তেজগাঁও কলেজ ওয়েবসাইটে (www.tejgaoncollege.edu.bd) প্রবেশ করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। অনলাইন ভর্তি প্রক্রিয়া নিম্নে দেখানো হলোঃ

1. Go To ->www. tejgaoncollege.edu.bd
2. Click on Online Payment
3. Click on Online Admission Or Click link: https://tc.eiimsbd.com/home/OngoingAdmissions
4. Enter NU Admission Roll or applicant ID and click search
5. Click on Make Payment
6. Click on Nagad / Rocket
7. Enter your Rocket/Nagad Account Number
8. Confirm PIN
9. After Successful payment again insert NU Admission Roll or applicant ID then click on [Admission Form] and fill up
10. Click on Submit Button.

বিঃদ্রঃ সফলভাবে ভর্তি কার্যক্রম শেষ হওয়ার ৩(তিন) কর্ম দিবসের মধ্যে :

অনার্স, প্রফেশনাল (অনার্স) এবং ডিগ্রী (পাস)-এর জন্যঃ

১। এইচ.এস.সি-র মূল নম্বরপত্র
২। জাতীয় বিশ্ববিদ্যালয় সার্ভার থেকে ডাউনলোডকৃত পিডিএফ কপি
৩। কলেজ সার্ভার থেকে ডাউনলোডকৃত স্টুডেন্ট ইনফরমেশন ফরম
৪। পিতা অথবা মাতার ভোটার আই ডি কার্ডের অনুলিপি
৫। এস.এস.সি ও এইচ.এস.সি-র নম্বরপত্রের অনুলিপি
৬। পাসপোর্ট সাইজের ২ কপি ছবি

কলেজ অফিসে (ব্যবসায় শিক্ষা অনুষদ কক্ষ নং ১২৪,ভবন-৩ এবং বিজ্ঞান,সামাজিক বিজ্ঞান ও কলা অনুষদ কক্ষ নং ১২২ ভবন-৩,সিএসই,বিবিএ,টিএইচএম,টিএমএস কক্ষ নং-৪৫১,ভবন-৬, ডিগ্রী-পাস কক্ষ নং-১৬১ টিন শেড)-এ জমা দিতে হবে।

মাস্টার্স এর জন্যঃ

১। জাতীয় বিশ্ববিদ্যালয়ের সার্ভার থেকে ডাউনলোডকৃত পিডিএফ কপি
২। কলেজ সার্ভার থেকে ডাউনলোডকৃত স্টুডেন্ট ইনফরমেশন ফরম
৩। পিতা অথবা মাতার অথবা নিজের ভোটার আই ডি কার্ডের অনুলিপি
৪। ডিগ্রী/অনার্সের-র নম্বরপত্রের অনুলিপি
৫। পাসপোর্ট সাইজের ২ কপি ছবি

কলেজ অফিসে ( কক্ষ নং ১২৪,ভবন-৩-এ) জমা দিতে হবে।

# অনলাইনে টিউশন ফি প্রদান পদ্ধতি

তেজগাঁও কলেজ ওয়েবসাইটে (www.tejgaoncollege.edu.bd) প্রবেশ করে অনলাইনে টিউশন ফি প্রদান পদ্ধতিঃ

1.Go To ->www. tejgaoncollege.edu.bd
2.Click on Online Payment
3.Click on Tuition Fee Or Click:
https://tc.eiimsbd.com/StudentFeeReceiveds
4.Enter Class Roll and click search
5.Click on Check box and select no. of months
6.Click Make Payment
7.Enter your Rocket/ Nagad Account Number
8.Confirm PIN
9. Wait for Successful Transaction SMS and Then Complete .

## ফি সমূহ

### অনার্স

| | কলা অনুষদ | সামাজিক বিজ্ঞান অনুষদ | | ব্যবসায় শিক্ষা অনুষদ | বিজ্ঞান অনুষদ | |
|---|---|---|---|---|---|---|
| ভর্তি ফি | ১৬০০০/= | ১৬০০০/= | সমাজবিজ্ঞান, সমাজকর্ম ১৭৫০০/= | ১৬০০০/= | ১৭৫০০/= | প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান ১৮৫০০/= |
| মাসিক টিউশন ফি | ১৫০০/= | ১৫০০/= | | ১৫০০/= | ১৫০০/= | |

### মাস্টার্স

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ভর্তি ফি | ১৫০০০/= | ১৫০০০/= | ১৫০০০/= | ১৬৫০০/= | ১৮০০০/= |
| মাসিক টিউশন ফি | ১৫০০/= | ১৫০০/= | ১৫০০/= | ১৫০০/= | |

### ডিগ্রী (পাস)

| | | | | |
|---|---|---|---|---|
| ভর্তি ফি | বিএ/বিবিএস/ বিএসএস/বিএস-সি | ১৫০০০/= | মাসিক টিউশন ফি | ১৫০০/= |

### প্রফেশনাল (অনার্স)

| | সিএসই | বিবিএ | টিএইচএম | টিএমএস |
|---|---|---|---|---|
| ভর্তি ফি | ১৭০০০/= | ১৬০০০/= | ১৬০০০/= | ১৫০০০/= |
| টিউশন ফি প্রতি সেমিস্টার | ২৫০০০/= | ২৫০০০/= | ২৫০০০/= | ২০০০০/= |

### প্রফেশনাল (মাস্টার্স)

| | এমসিএসই | এমবিএ | এমবিএ(টিএইচএম) |
|---|---|---|---|
| ভর্তি ফি | ১৫০০০/= | ১৫০০০/= | ১৫০০০/= |
| টিউশন ফি প্রতি সেমিস্টার | ২৫০০০/= | ২৫০০০/= | ২৫০০০/= |

**Help Line :**

**01711789452, 01323719099, 01716500804, 01711446509**
**01687179900, 01717406684, 01832473582, 01552303047**

# ইনকোর্স পরীক্ষা গ্রহণ ও ক্লাসে উপস্থিতি মূল্যায়ন সংক্রান্ত জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা

১. প্রতি বছরে ২টি ইনকোর্স পরীক্ষা হবে। ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। বিষয়টি অতীব জরুরী।
২. নির্ধারিত সময়ের মধ্যে ইনকোর্স পরীক্ষা গ্রহণ ও মূল্যায়ন করে উত্তরপত্র এবং শিক্ষার্থীর হাজিরাশীট জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর প্রেরণ করা হবে।
৩. ক্লাসে ৬০% এর কম উপস্থিত শিক্ষার্থীরা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
৪. ইনকোর্স পরীক্ষায় ৪০% নম্বর প্রাপ্ত না হলে কোন শিক্ষার্থী ফরমপূরণের যোগ্য বলে বিবেচিত হবে না।
(যেমন- ২০ এর মধ্যে ০৮, ১৫ এর মধ্যে ০৬, এবং ১০ এর মধ্যে ০৪ হচ্ছে পাস নম্বর)

# শিক্ষার্থীদের প্রতি নির্দেশাবলী

১. নিয়মিত ও যথাসময়ে আইডি কার্ড পরিধান করে ক্লাসে উপস্থিত থাকতে হবে।
২. কলেজে মার্জিত ও পরিষ্কার পোষাক পরিধান করে আসতে হবে।
৩. প্রতি মাসের ১০ তারিখের মধ্যে অনলাইন মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে মাসিক বেতন পরিশোধ করতে হবে। অন্যথায় প্রতি মাসে ৫০ টাকা জরিমানা করা হবে।
৪. মোবাইল ব্যাকিং অথবা প্রযোজ্য ক্ষেত্রে কৃষি ব্যাংক ব্যতিত আর্থিক লেনদেন সম্পূর্ণ নিষিদ্ধ।
৫. আইডি কার্ড সংক্রান্ত সমস্যার জন্য ২২৪ নং কক্ষে যোগাযোগ করতে বলা হলো। আইডি কার্ড হারিয়ে গেলে নিকটবর্তী থানায় জিডি করতে হবে। পুনরায় আইডি কার্ড সংগ্রহের জন্য ১০০ টাকা কৃষি ব্যাংক বুথে জমা দিয়ে রুটিন কো-অরডিনেটর দপ্তর থেকে (২২৪ নং কক্ষ) পরিচয়পত্র ফরম পূরণ করে জমা দিতে হবে।
৬. ক্লাস অফ পিরিয়ডে কেন্দ্রীয় লাইব্রেরী ৩ নং ভবনের ৬১২ নং কক্ষে পড়াশুনা করবে।
৭. ৭ নং ভবনের নিচ তলা ও ৩য় তলায় ছাত্র ও ছাত্রীদের আলাদা ওয়াশ রুমের ব্যবস্থা আছে। এছাড়াও ১নং ভবনের ২য় তলায় ২১৬নং কক্ষ ছাত্রীদের জন্য আলাদা কমন রুম।
৮. ১নং ভবনের ৫ম তলায় স্কাই ক্যাফেটেরিয়ায় টিফিন ও দুপুরের খাবার ব্যবস্থা আছে।

অধ্যাপক শামীমা ইয়াসমিন
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
তেজগাঁও কলেজ, ঢাকা।

# বিভিন্ন বিভাগ ও অফিসের অবস্থান

| ক্রমিক নম্বর | বিভাগ | ভবন নং | কক্ষ নং | সংশ্লিষ্ট অফিস কক্ষ নং |
|---|---|---|---|---|
| ০১ | বাংলা | ৫ | ৩০৭ | |
| ০২ | ইংরেজি | ৫ | ৩০৫ | |
| ০৩ | দর্শন | ৫ | ৫০৮ | |
| ০৪ | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ৫ | ৪০৯ | |
| ০৫ | ইসলামিক স্টাডিজ | ৫ | ৪০৮ | |
| ০৬ | ইতিহাস | ৫ | ৫০৫ | |
| ০৭ | রাষ্ট্রবিজ্ঞান | ৫ | ৪০৬ | |
| ০৮ | সমাজকর্ম | ৫ | ৫০৭ | |
| ০৯ | সমাজবিজ্ঞান | ৫ | ৩০৮ | |
| ১০ | অর্থনীতি | ৫ | ১০৫ | |
| ১১ | গার্হস্থ্য অর্থনীতি | ৩ | ৫১৭ | ১২২ |
| ১২ | পদার্থবিজ্ঞান | ৩ | ৫২০ | |
| ১৩ | রসায়ন | ৭ | ১১৪ | |
| ১৪ | গণিত | ১ | ৩১৯ | |
| ১৫ | উদ্ভিদবিজ্ঞান | ৩ | ৪২৩ | |
| ১৬ | প্রাণিবিদ্যা | ৩ | ৪২৬ | |
| ১৭ | প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান | ৫ | ১০৭ | |
| ১৮ | মনোবিজ্ঞান | ৩ | ৩২৩ | |
| ১৯ | পরিসংখ্যান | ১ | ৩১৫ | |
| ২০ | ভূগোল ও পরিবেশ | ১ | ৪১৭ | |
| ২১ | হিসাববিজ্ঞান | ৫ | ২০৫ | |
| ২২ | ব্যবস্থাপনা | ৫ | ২০৪ | ১২৪ |
| ২৩ | মার্কেটিং | ৫ | ২০৩ | |
| ২৪ | ফিন্যান্স এন্ড ব্যাংকিং | ৫ | ২০৬ | |
| ২৫ | সিএসই | ৬ | ৪৫২ | |
| ২৬ | বিবিএ | ৬ | ৫৫৪ | ৪৫২ |
| ২৭ | টিএমএস | ৬ | ৬৫৩ | |
| ২৮ | টিএইচএম | ৬ | ৭৫৩ | |
| ২৯ | প্রকৌশল অংকন ও ওয়ার্কশপ প্রাক্টিস | | ২২৪ | |
| ৩০ | মাস্টার্স শ্রেণির সকল বিভাগীয় অফিস | | | ১২৪ |
| ৩১ | উচ্চ মাধ্যমিক ও ডিগ্রী (পাস) অফিস | | | ১৬১ |
| ৩২ | প্রাইভেট অফিস | | | ১২৬ |



Scan For location

# Contact us

Scan For website


16 Indira Road, Farmgate, Dhaka-1215, Bangladesh

www.tejgaoncollege.edu.bd

+0248118799 tejgaoncollege@ymail.com